# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;

এসএমই বিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমই-৬(২)/২০২৪-২৫/**৬৯**

তারিখঃ ২৫/০৭/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে (জুলাই, ২০২৪ হতে জুন, ২০২৫ পর্যন্ত)।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০২৪, তারিখঃ ২৫.০৭.২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড পরবর্তী সময়ে এসএমই খাতের প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় সারাদেশের উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তাসহ ক্লাস্টার, ক্লায়েন্টেল ও অ্যাসোসিয়েশন সদস্য উদ্যোক্তা এবং নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণের উদ্দেশ্যে বিগত ১১ জুন ২০২৪ খ্রিষ্টাব্দে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে পুনঃঅর্থায়নের আওতায় উক্ত রিভলভিং ফান্ড হতে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য ২০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। পুনঃঅর্থায়নের আওতায় উক্ত রিভলভিং ফান্ড পরিচালনার জন্য উপরোক্ত পরিপত্র মূলে নীতিমালা অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০৩। ২০২৪-২০২৫ অর্থবছরে এসএমই ফাউন্ডেশন কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা ২০.০০ কোটি টাকা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (০১ জুলাই, ২০২৪ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত) |
|---|---|---|
| ১. | ঢাকা | ৪.৩০ |
| ২. | ময়মনসিংহ | ২.৫০ |
| ৩. | চট্টগ্রাম | ১.৯০ |
| ৪. | খুলনা | ২.৩০ |
| ৫. | বরিশাল | ১.০০ |
| ৬. | সিলেট | ১.২০ |
| ৭. | কুমিল্লা | ৩.০০ |
| ৮. | ফরিদপুর | ২.০০ |
| ৯. | কুষ্টিয়া | ১.৮০ |
| | মোট | ২০.০০ |

- বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সিএমএসএমই ঋণস্থিতি, বিগত বছরে অঞ্চলসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক আগামী ১৪/০৮/২০২৪ তারিখের মধ্যে অত্র বিভাগের ইমেইল এ প্রেরণ করতে হবে। **ঋণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি দৈনিকভিত্তিতে ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে ।**

চলমান পাতা-০২

বিষয় ঃ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে ৩য় দফায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে (জুলাই, ২০২৪ হতে জুন, ২০২৫ পর্যন্ত)।

০৪। ঋণ আবেদন ফরম এবং ঋণ মঞ্জুরীপত্রে " **এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত** " বাক্যটি লিখা থাকতে হবে (মঞ্জুরীপত্রের নমুনা কপি সংযুক্ত)। উল্লেখিত পুনঃঅর্থায়ন প্যাকেজের আওতায় বর্তমানে চলমান সুদের হার ৬%। এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করে মাসিক ঋণ বিতরণ বিবরণী (সংযোজনী-১), সঠিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে মাঠ কার্যালয়ের প্রত্যয়নসহ (সংযোজনী-২) পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে এসএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক একীভূত বিবরণী ও প্রত্যয়নপত্র উক্ত সময়সীমার মধ্যে সফট কপি ই-মেইলে (dgmsme@krishibank.org.bd) প্রেরণ নিশ্চিত করতে হবে। শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

০৫। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ২৪/২০২৪, তারিখঃ ২৫.০৭.২০২৪ যথাযথভাবে পরিপালন ও ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে মনোনীত একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকল পয়েন্ট কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ১৪/০৮/২০২৪ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০২৪, তারিখঃ ২৫.০৭.২০২৪ এবং পরবর্তীতে এসএমই ফাউন্ডেশন ও অত্র ব্যাংক কর্তৃক জারীতব্য এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক এ খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিবরণী নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত

২৫/০৭/২০২৪

(আ.ন.ম.বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/এসএমই-৬(২)/২০২৪-২৫/ তারিখঃ ২৫/০৭/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক